মানুষ যখন কোন একটি বিষয় নিয়ে চিন্তা কওে, গবেষণা করে এবং সেটাকে আঞ্জাম দেওয়ার জন্য বিভিন্ন পরিকল্পনা করে তখন দেখা যায় তার প্লান-পরিকল্পনা ভাল থাকা সত্ত্বেও সে হোচট খায়, সে বাধা বিঘ্নতায় পড়ে যায় কিন্তু এই বাধা অবশ্যই স্থায়ী নয় বরং এটা অবশ্যই একটা পরীক্ষা। যারা একমাত্র বিবেকবান এবং বুদ্ধিমান ও জ্ঞানী তারাই এই মুহূর্তে সঠিক ও যথার্থ সিদ্ধান্ত নিতে পাওে এবং উক্ত পরিস্থিতি খুব সহজেই সামাল দিতে পারে।